



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationaboard.gov.bd



স্মারক নং- ৭৩৫(ক)

তারিখ: ০৭/০৭/২২

বিষয়: সতর্করণ প্রসঙ্গে।

- সূত্র:
১. মোহাম্মদ জহুরুল হক-এর ১০/০৩/২০২২ তারিখের অভিযোগপত্র;
 ২. ঢাকা শিক্ষা বোর্ডের পত্র নং- ২৬১/ফরিদ/৩৭৪, তারিখ: ১১/০৮/২০২২;
 ৩. জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর-এর স্মারক নং- ৩৭.১০.২৯০০.০১.১৬.০০৩২.১৮-৫৪১,
তারিখ: ২০/০৬/২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত-০১ নং ক্রমিকে উল্লিখিত জনেক মোহাম্মদ জহুরুল হক কর্তৃক বোর্ডে গত ১০/০৩/২০২২ তারিখে দাখিলকৃত অভিযোগ অনুযায়ী ফরিদপুর জেলার আলফাডাঙ্গা উপজেলাধীন বানা এম এ মজিদ উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচনে বিভিন্ন ধরনের অনিয়মের বিষয়ে সরেজমিনে সূত্রোক্ত-০২ নং ক্রমিকে উল্লিখিত তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণ করার জন্য বোর্ডের স্মারক নং- ২৬১/ফরিদ/৩৭৪; তাঃ ১১/০৮/২০২২ এর মাধ্যমে গৃহীত অভিযোগ ও প্রামাণ্য তথ্যাদি সংযুক্তকরণপূর্বক আপনার বরাবরে পত্র প্রেরণ করা হয়। দাখিলকৃত অভিযোগ অনুযায়ী প্রিজাইডিং অফিসার কর্তৃক নির্বাচনী ফলাফল ঘোষণার পর থেকে সভাপতি মনোনীত/নির্বাচিত করার ক্ষেত্রে প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধি-৮, প্রবিধি-৩৫(১) ও প্রবিধি-৩৫(৪) অনুসরণ না করার পেছনে যৌক্তিক কারণ তদন্তপূর্বক অনুসন্ধান করাই ছিল তদন্তের মুখ্য বিষয়:

কিন্তু আপনি ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রবিধানমালা-২০০৯ এর বিধি-বিধান অনুসরণ না করে বিধি বর্হিভূতভাবে পুণরায় সভাপতি নির্বাচনের জন্য সুপারিশ প্রদান করায় আইনের ব্যত্যয় ঘটিয়েছে এবং ম্যানেজিং কমিটি (৭ ও ৮ ধারায়) অনুমোদন সংক্রান্ত স্পর্শকাতর বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে বড় ধরনের জটিলতার সৃষ্টি করেছেন।

এমতাবস্থায়, ভবিষ্যতে এ ধরনের স্পর্শকাতর বিষয়ে বিধি বর্হিভূতভাবে সুপারিশ প্রদান করা থেকে বিরত থাকা এবং সংশ্লিষ্ট বিষয়ে বিধি-বিধান অনুসরণ করে সুনির্দিষ্ট কার্যক্রম/ প্রতিবেদন দাখিল করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর মোহাম্মদ আবুল মন্তুর ভুঁঁঁা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

প্রাপক: জেলা শিক্ষা অফিসার
ফরিদপুর।

অনুলিপি প্রেরিত হলো: ৭৩৫(২)

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২. জেলা প্রশাসক, ফরিদপুর।
৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা অঞ্চল, ঢাকা।
৪. উপজেলা নির্বাহী অফিসার, আলফাডাঙ্গা, ফরিদপুর।
৫. অফিস কপি।

০৭/০৭/২২
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

০৭/০৭/২২